ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৫৩৭

আগরতলা,২ জুলাই,২০২৫

**প্রকাশিত সংবাদের প্রতিবাদ**

"এন.এইচ.এম.-এ অনিয়ম, আয়ুষ বিভাগে খেয়ালীর চাকরি বিলি" এই শিরোনামে গত ২৫-০৬-২০২৫ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদ জাতীয় স্বাস্থ্য মিশন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছে। জাতীয় স্বাস্থ্য মিশনের পক্ষ থেকে এই সংবাদের প্রতিবাদ জানিয়ে বলা হয়েছে, ত্রিপুরা রাজ্যের স্টেট আয়ুষ মিশনের অধীনে বিভিন্ন অস্থায়ী ও চুক্তিভিত্তিক পদে নিয়োগের জন্য সরকারের অনুমোদনক্রমে দুটি নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়েছিল। সংশ্লিষ্ট পদসমূহের মধ্যে ছিল: ফুল টাইম ফ্যাকাল্টি (বি.এ.এম.এস., বি.এইচ.এম.এস., এম. ফার্ম.), কমিউনিটি হেলথ অফিসার (সি.এইচ.ও.), প্রোগ্রাম ম্যানেজার, কনসালট্যান্ট, ফাইনান্স ম্যানেজার, কনসালট্যান্ট (এইচ.এম.আই.এস.), জেলা প্রোগ্রাম ম্যানেজার এবং জেলা ডেটা এন্ট্রি অপারেটর।

উল্লিখিত বিজ্ঞপ্তিতে প্রার্থীদের নির্বাচনের জন্য যেসব মানদণ্ড নির্ধারিত ছিল, সেই অনুযায়ী আবেদনকারীদের সাক্ষাৎকার বোর্ডের সম্মুখে হাজির হতে আহ্বান জানানো হয়। এই বিষয়ে বিজ্ঞপ্তি এনএইচএম ত্রিপুরার ওয়েবসাইটে প্রকাশিত হয় এবং স্থানীয় সংবাদপত্রেও প্রচার করা হয়। সাক্ষাৎকার প্রক্রিয়া সম্পন্ন হওয়ার পর, সাক্ষাৎকার বোর্ড একাডেমিক পারফরম্যান্স ইনডেক্স এবং সাক্ষাৎকারের ভিত্তিতে একটি সুপারিশপত্র/মেধা তালিকা জমা দেয়। সেই অনুযায়ী নিয়োগপত্র ইস্যুর জন্য সরকারের অনুমোদন গৃহীত হয়।

প্রার্থীদের নিয়োগপত্র গ্রহণের বিষয়ে অবহিত করার পূর্বে, নির্বাচিত প্রার্থীদের তালিকা এন.এইচ.এম. ত্রিপুরা ওয়েবসাইটে আপলোড করার জন্য আয়ুষ সেল থেকে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হয় (যার জন্য ১৯ জুন, ২০২৫ তারিখে সংশ্লিষ্ট বিভাগে ই-মেইল প্রেরণ করা হয়েছে)। কারণ, ন্যাশনাল আয়ুষ মিশনের কোনও স্বতন্ত্র ওয়েবসাইট নেই। তবে ওয়েবসাইটে কারিগরি ত্রুটির কারণে উক্ত তালিকা প্রকাশ করা সম্ভব হয়নি। সেই কারণে নির্বাচিত প্রার্থীদের তালিকা এনএইচএম-এর মিশন ডিরেক্টরের দপ্তর, আগরতলার নোটিশ বোর্ডে টাঙিয়ে রাখা হয়।

এই পরিস্থিতিতে প্রার্থীদের মিশন ডিরেক্টর, এনএইচএম ও এম এস, আয়ুষ সোসাইটি, প্যালেস কম্পাউন্ড, আগরতলা অফিস থেকে টেলিফোনের মাধ্যমে ব্যক্তিগতভাবে অবহিত করা হয়েছে।

সংবাদপত্রে প্রকাশিত ক্লিপিং অনুসারে "ডিস্ট্রিক্ট প্রোগ্রাম কো-অর্ডিনেটর" নামে কোনও পদ আদৌ এই নিয়োগ প্রক্রিয়ায় ছিল না। তবে "ডিস্ট্রিক্ট প্রোগ্রাম ম্যানেজার" নামে একটি পদ বিদ্যমান রয়েছে। উক্ত পদে নিয়োগের জন্য প্রার্থীর যোগ্যতা নির্ধারিত ছিল "আয়ুষ সহ যেকোনও বিষয়ে স্নাতক ডিগ্রি এবং এম.বি.এ. ইন হেলথকেয়ার ম্যানেজমেন্ট / হিউম্যান রিসোর্স (এইচ.আর.) / মাস্টার্স ইন হেলথ হসপিটাল অ্যাডমিনিস্ট্রেশন/ দু'বছরের পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন হসপিটাল অ্যান্ড হেলথ কেয়ার ম্যানেজমেন্ট (এ.আই.সি.টি.ই. অনুমোদিত প্রতিষ্ঠান হইতে)।" সুতরাং স্নাতক ডিগ্রির সঙ্গে এম.বি.এ. / মাস্টার্স/ পিজি ডিপ্লোমা থাকলে নিয়োগের জন্য বিবেচিত হয়েছে। নিয়োগ প্রক্রিয়াটি নির্ধারিত মানদণ্ড অনুযায়ী সম্পন্ন হয়েছে।

*****